

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট -২(শৃঙ্খলা)

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ২ঃ৯৪৭(০৯-১০)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৭.০৫.২০১৯ খ্রিঃ

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব জেলায়েত হোসেন মোল্লা, সাবেক উপ-মহাব্যবস্থাপক (বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত), হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (সাবেক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ইতিপূর্বে বিকেবি, মুন্সিগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক ব্যবস্থাপক হিসাবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধের জন্য ১৬/০৯-১০ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া ০৫.১১.২০০৯ খ্রিঃ তারিখের প্রকাঃকব্যবিঃ৩ঃ০১ঃ২ঃ৯৪৭/২০০৯-২০১০/১০১১ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করেন নাই এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষংগিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব জেলায়েত হোসেন মোল্লা, আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক গুরুদণ্ডে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে গুরুদণ্ডে দণ্ডিত করা হইবে না-এই মর্মে ৩০.০১.২০১৯ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ২ঃ৯৪৭(০৯-১০)/২০১৮-২০১৯/২০৭৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব জেলায়েত হোসেন মোল্লা অত্র বিভাগের ৩০.০১.২০১৯ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ১১-০৩-২০১৯ খ্রিঃ তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব জেলায়েত হোসেন মোল্লা আপনাকে অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা- ২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব জেলায়েত হোসেন মোল্লা আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৪৩,৩২৮/- (তেতাল্লিশ হাজার তিনশত আটাশ) টাকা কর্তন করিয়া বিকেবি, খলিলপুর বাজার শাখা, ফরিদপুর এর সংশ্লিষ্ট ঋণ হিসাব সমূহে জমা করিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব জেলায়েত হোসেন মোল্লা, (জে-২৪৩)
সাবেক উপ-মহাব্যবস্থাপক
(বাধ্যতামূলক অবসরপ্রাপ্ত)
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২
(সাবেক হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪)
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ
জনাব জেলায়েত হোসেন মোল্লা
৩১২/৭২/১, ফার্স্ট কলোনী
লালকুঠি (ফরিদপুর ভবন)
মিরপুর -১, ঢাকা-১২১৬।

স্বাক্ষরিত

(লুৎফুন নাহার রাজ)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ২ঃ৯৪৭(০৯-১০)/২০১৮-২০১৯/

তারিখঃ ২৭.০৫.২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২, মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন) বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব জেলায়েত হোসেন মোল্লা এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ/পরিষ্কার বিভাগ/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর।
- ১০। ব্যবস্থাপক, বিকেবি, খলিলপুর বাজার শাখা, ফরিদপুর।
- ১১। নথি/মহানথি/মূলনথি।

স্বাক্ষরিত
৩০/০৫/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক